গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
আইসিটি শাখা
www.naogaon.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৬৪০০.১২০.০২.০০৪.২২.৫৭ তারিখ: ২৯ চৈত্র ১৪২৮
১২ এপ্রিল ২০২২

বিষয়: **বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর আইসিটি শাখার ০৬ এপ্রিল ২০২২ তারিখের ০৫.৪৩.০০০০.০১৭. ০২.০০১.২২.২৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত নওগাঁ জেলার প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

ক্রঃ নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন প্রতিবেদন
১.	**জেলা ভিত্তিক উদ্ভাবন:** ১) সভায়, এ বিভাগে গৃহীত জেলা ভিত্তিক ২০২১-২০২২ অর্থ বছরে উদ্ভাবনী প্রকল্পগুলো জেলা প্রশাসকগণের কার্যালয়ের ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে পর্যালোচনা করে দেখা যায় যে, রাজশাহী/বগুড়া/পাবনা ও নওগাঁ জেলায় উদ্ভাবনী উদ্যোগের তালিকা রয়েছে বাকি নাটোর/ সিরাজগঞ্জ/ জয়পুরহাট ও চাঁপাইনবাবগঞ্জ জেলায় উদ্ভাবনী উদ্যোগের তালিকা আপলোড করা নাই। ২) ২০২১-২০২২ অর্থ বছরে জেলা পর্যায়ে ০১টি সেবা সহজীকরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১) জেলা ভিত্তিক ২০২১-২০২২ অর্থ বছরে উদ্ভাবনী প্রকল্পগুলো জেলা প্রশাসকগণের কার্যালয়ের ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে উপজেলা ভিত্তিক (প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ, উদ্ভাবকের নাম, বাস্তবায়নকারীর নাম, পদবী ও মোবাইল নম্বরসহ) এবং মেন্টরের নাম, প্রকল্প শুরুর তারিখ, প্রত্যাশিত ফলাফল, উপকারভোগী উল্লেখপূর্বক আপলোডসহ পাইলট প্রকল্পগুলো বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। ২) ২০২১-২০২২ অর্থ বছরে জেলা পর্যায়ে ০১টি সেবা সহজী করণ করতে হবে।	১) জেলা প্রশাসকগণের কার্যালয়ের ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে উপজেলা ভিত্তিক ২০২০- ২০২১ অর্থ বছরে উদ্ভাবনী উদ্যোগগুলো আপলোড এবং পাইলট প্রকল্পগুলো বাস্তবায়ন করা হচ্ছে। ২) ২০২১-২০২২ অর্থ বছরেজেলা পর্যায়ে ০১টি সেবা সহজী করণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
২.	**উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন ও মনিটরিং:** সভায়, মাঠ পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়।	উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে।

৩.	**বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা :** সভায়, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে রাজশাহী/ পাবনা/ বগুড়া/ নাটোর ও নওগাঁ জেলায় রয়েছে বাকি জয়পুরহাট/ সিরাজগঞ্জ ও চাঁপাইনবাবগঞ্জ জেলা আপলোড করা নাই।	২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং বিভাগীয় ও জেলা পর্যায়ের ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে ইনোভেশন টিম/ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনাসহ ইনোভেশন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও ছবি নিয়মিত আপলোড নিশ্চিত করতে হবে।	২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং জেলা পর্যায়ের ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে ইনোভেশন টিম/ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনাসহ ইনোভেশন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও ছবি নিয়মিত আপলোড নিশ্চিত করা হয়েছে।
৪.	**ইনোভেশন টিমের সভা :** জেলা ও উপজেলা ইনোভেশন টিমের সভা নিয়মিত আয়োজন এবং সভার কার্যবিবরণী স্ব-স্ব ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করার জন্য জেলা প্রশাসকগণকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।	জেলা ও উপজেলায় ইনোভেশন টিমের সভা আয়োজন করে সভার কার্যবিবরণী স্ব-স্ব ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড নিশ্চিত করতে হবে।	প্রতি মাসে জেলা ও উপজেলায় ইনোভেশন টিমের সভা নিশ্চিতকরণসহ কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে ও বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ এবং ওয়েব পোর্টালের ইনোভেশন কর্নারে আপলোড করা হবে।
৫.	**মাসিক উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা :** উপজেলা/ জেলা/ বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন কার্যক্রম নিয়ে আলোচনা করার উপর গুরুত্ব আরোপ করা হয়। সভায় আরও বলা হয়, সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা হলে এক দপ্তর অন্য দপ্তরের ইনোভেশন কার্যক্রম সম্পর্কে জানতে পারবে যা ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নে সহায়ক হবে।	উপজেলা/ জেলা/বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় বিভিন্ন দপ্তরের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত বিষয়ে আলোচনা করতে হবে।	জেলা/ উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় বিভিন্ন দপ্তরের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়ে থাকে।
৬.	**ওয়েব পোর্টাল হালনাগাদ :** জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টালে তথ্য নিয়মিত হালনাগাদ করাসহ নিজ নিজ দপ্তরের রিপোর্ট ১০০% করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য নিয়মিত হালনাগাদ করাসহ নিজ নিজ দপ্তরের রিপোর্ট ১০০% করার চেষ্টা অব্যাহত রাখতে হবে।	জেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য নিয়মিত হালনাগাদ করাসহ নিজ নিজ দপ্তরের রিপোর্ট ১০০% হালনাগাদ করার চেষ্টা অব্যাহত রাখা হয়েছে।

৭.	**ইনোভেশন শোকেসিং- ২০২১:** চলতি অর্থ বছরে ইনোভেশন শোকেসিং আয়োজনের বিষয়ে এখনো কোন নির্দেশনা পাওয়া যায়নি। তবে সভাপতি জানান, পরিস্থিতি স্বাভাবিক হলে ইনোভেশন শোকেসিং ২০২১ আয়োজন করা হবে, সে জন্য প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়।	বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হলে নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ে ইনোভেশন শোকেসিং আয়োজন এর জন্য প্রয়োজনীয় প্রস্তুতি রাখতে হবে।	এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

১২-৪-২০২২
খালিদ মেহেদী হাসান, পিএএ
জেলা প্রশাসক

বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়,
রাজশাহী।